কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড
"এই যুগ
অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 19 MAY 2026 ,TUESDAY | ১৯ মে ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-166


## স্বাস্থ্য ভবনে বিশেষ বৈঠকে ডাঃ ইন্দ্রনীল খাঁ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১৮ মে :** মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নির্দেশে সোমবার সকালে স্বাস্থ্য ভবনে বিশেষ বৈঠকে বেহালা পশ্চিম এর বিধায়ক তথা বিশিষ্ট চিকিৎসক ডাঃ ইন্দ্রনীল খাঁ । সূত্রের খবর, রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার পরিকাঠামোর উন্নতির জন্য মুখ্যমন্ত্রীর নির্দেশে এই বিশেষ বৈঠক । তৃণমূল সরকারের আমলে রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা দুর্নীতির কবলে পড়ে শেষের দিকের চলে যায় । নীল সাদা বিল্ডিং এ রঙের উন্নয়ন হলেও, হাসপাতাল গুলোর পরিকাঠামোর কোনো উন্নতি হয়নি। সরকারি হাসপাতাল গুলোর পরিকাঠামোর উন্নতি করতে এবার তৎপর রাজ্যের বিজেপি সরকার বলাই বাহুল্য।

## আলিপুরদুয়ার জেলার বিধায়কদের নিয়ে বৈঠক করলেন জেলাশাসক




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ মে :** আলিপুরদুয়ার জেলার মুখ্য প্রশাসনিক ভবন ডুয়ার্স কন্যায় সোমবার জেলার বিধায়কদের নিয়ে বৈঠক করলেন জেলাশাসক ময়ুরী বসু। এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার এর সাংসদ মনোজ টিগগা, কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওঁরাও, আলিপুরদুয়ার এর বিধায়ক পরিতোষ দাস, মাদারিহাটের বিধায়ক লক্ষন লিম্বু,কালচিনির বিধায়ক বিশাল লামা সহ জেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের আধিকারিকগন। বৈঠক শেষে সাংসদ মনোজ টিগ্গা জানান এদিন মূলত জেলা প্রশাসনের সমস্ত দপ্তরের আধিকারিকগনের সাথে বিধায়কদের পরিচয় হয়। উল্লেখ্য জেলার ফালাকাটার বিধায়ক দীপক বর্মন বৈঠকে উপস্থিত থাকতে পারেননি। সাংসদ জানান এদিনের বৈঠকে জেলা প্রশাসনের সমস্ত দপ্তরের আধিকারিকদের বলা হয়েছে সমস্ত ধরনের উন্নয়নমূলক কাজ সঠিকভাবে করতে হবে, উন্নয়নের ক্ষেত্রে কোনো আপস চলবেনা। সরকারি কাজে আগে যেসব দুর্নীতি হয়েছে সেগুলির তদন্ত করতে হবে। জনসাধারণ তাদের নির্বাচিত করেছেন তাই জনকল্যানে কাজ করতে হবে। পরবর্তীতে বিধায়কগন তাদের এলাকার উন্নয়নমূলক কাজের পরিকল্পনা লিখিতভাবে জেলাশাসক কে দেবেন। জেলার সর্বময় কর্তা হিসাবে তিনি সেই সব কাজ বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহন করবেন বলেও মন্তব্য করেন সাংসদ মনোজ টিগ্গা।

## পার্ক সার্কাসে দুষ্কৃতী তাণ্ডবের ঘটনায় কড়া বার্তা মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১৮ মে :** এটাই শেষ ঘটনা। আর এরকম ঘটবে না। যদি ঘটে তাহলে তাঁর চেয়ে খারাপ পুলিশমন্ত্রী আর কেউ হবে না। পার্ক সার্কাসে আন্দলনের নামে দুষ্কৃতী তাণ্ডবের ঘটনায় সোমবার কড়া বার্তা দিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রী শুভেন্দু অধিকারী। মুখ্যমন্ত্রী কাশ্মীর এর বর্তমান অবস্থার কথা তুলে ধরে বলেন কাশ্মীরে ৩৭০ ধারা উঠে যাওয়ার পর থেকে পুলিশ বাহিনীকে লক্ষ্য করে পাথর ছোড়া বন্ধ হয়ে গেছে। এর পর ও এ রাজ্যে সেই রাজ্যের অভ্যাসটা রয়ে গিয়েছে। এটা অবিলম্বে বন্ধ হওয়ার প্রয়োজন । মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এও জানান, আগের সরকারের আমলে রাজ্যের পুলিশের হাত পা বাঁধা ছিল। এখন তাঁরা মুক্ত। এ বার থেকে এমন কোনও ঘটনা ঘটলে কড়া হাতে দমন করবে পুলিশ। রবিবারের ঘটনায় পুলিশকর্মী জখম হওয়ার ঘটনায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান ,পুলিশকর্মীরা রাস্তায় মার খাবে আর তিনি এসি ঘরে বসে দেখবেন ,সেই দিন চলে গিয়েছে ,এই সরকার ভাববে না, দেখবেও না ,দ্রুত ব্যবস্থা নেবে। এছাড়াও এদিন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী দুষ্কৃতীদের উদ্দেশ্যে হুঁশিয়ারি দিয়ে বলেন ,"আমি পুলিশমন্ত্রী হিসেবে শেষ বার বলে গেলাম ,একটাও পুলিশের গায়ে যদি হাত পরে ,এই সরকার আইন প্রয়োগ করে ,যত দূর যাওয়ার যাবে। শুধু গ্রেফতার নয়, তারা যাতে দ্রুত শাস্তি পায় তার ব্যবস্থাও করবো।"

## ইডির হাতে গ্রেফতার সোনা পাপ্পু



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১৮ মে :** ইডির হাতে গ্রেফতার কসবার তৃণমূল আশ্রিত দুষ্কৃতী সোনা পাপ্পু ওরফে বিশ্বজিৎ পোদ্দার। জমি দখল মামলায় একাধিক বার ইডি দফতরে তলব করা হয়েছিল । সোমবার সকালে সোনা পাপ্পু সিজিও কমপ্লেক্সো ইডির দফতরে হাজিরা দিতে আসেন স্ত্রী কে সঙ্গে নিয়ে ।দীর্ঘক্ষণ জেরার পরে ৯টা ১৫ মিনিট নাগাদ তাকে গ্রেফতার করা হয় ইডির তরফে। ইডি সূত্রে খবর, সোনা পাপ্পুর বিরুদ্ধে কলকাতা এবং তার আশেপাশে বেআইনি ভাবে জমি দখল সহ তোলাবাজি করার অভিযোগ রয়েছে। এইসবের মাধ্যমে সোনা পাপ্পু বেআইনি ভাবে আর্থিক লেনদেন করেছেন। জমি দখল সংক্রান্ত একাধিক নথি সম্পর্কে তাকে জিজ্ঞাসা করা হলে, তিনি অসহযোগিতা করেছে। সেইজন্য আর্থিক প্রতিরোধ বিরোধী আইনের ১৯ নম্বর ধারায় গ্রেফতার করছে কেন্দ্রীয় এজেন্সি ইডি।

# যুবকের আত্মহত্যাকে ঘিরে চাঞ্চল্য




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ মে :** চুনিয়া ঝোড়া এলাকার যুবক গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করল তার মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মর্গে এমনটাই জানা গেছে শামুকতলা থানার পুলিশের কাছ থেকে। পুলিশ সূত্রে জানা গেছে তার নাম ফিরোজ শিং তার বয়স ৩০ বছর দীর্ঘদিন যাবত মানসিক রোগে আক্রান্ত ছিল ওই যুবক। সোমবার সকালে তার ঝুলন্ত দেহ উদ্ধার হয় তার বাড়ি থেকেই। বেলা আড়াইটা নাগাদ তার মৃতদেহ ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে পাঠায় পুলিশ। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা শুরু করেছে পুলিশ।

# আলিপুরদুয়ারে বিশ্ববাংলা লোগো নিয়ে চর্চা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ মে :** মমতা ব্যানার্জির সরকারের লোগো নিয়ে চর্চা শুরু হয়েছে আলিপুরদুয়ারে। পশ্চিমবঙ্গ সরকারের পরিবর্তন হয়েছে কিন্তু আলিপুরদুয়ার জেলা শহরে এখনো তৃণমূল সরকারের বিশ্ববাংলা লোগো লাগানো রয়েছে আলিপুরদুয়ার জেলা শহরের মূল ফটকে। সরকারের পরিবর্তন হয়েছে কিন্তু মমতা ব্যানার্জির দেওয়া বিশ্ব বাংলা লোগো আলিপুরদুয়ার জেলা শহরের তিনটি গেটে লাগানো রয়েছে। নিউ আলিপুরদুয়ার আলিপুরদুয়ার কোর্ট এবং কালজানি ব্রিজ সংলগ্ন এলাকায় সরকারি টাকা দিয়ে শহরের সৌন্দর্যের জন্য তিনটি গেট বসানো হয়েছিল যার মাথায় রয়েছে বিশ্ববাংলা লোগো।

# সরকারের পরিবর্তন হওয়ার পরেও ক্রেস হাউস তালাবদ্ধ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ মে :** দীর্ঘদিন যাবত তালাবদ্ধ অবস্থায় পড়ে রয়েছে আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ার দু নম্বর ব্লকের শামুকতলা থানার কোহিনুর গ্রাম পঞ্চায়েতের ধওলাঝোড়া এলাকার ক্রেস হাউস। পরিচালনার দায়িত্বভার নিয়ে তৎকালীন শাসক দলের তৃণমূলের নেত্রীদের মধ্যে বিবাদ তৈরি হয়েছিল। বিবাদ শেষ পর্যন্ত মারামারিতে গিয়ে পৌঁছায়। পুলিশ গিয়ে হিমশিম খেয়ে যায় অবস্থা আয়ত্তে আনতে। স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা এই ক্রেস হাউস পরিচালনা করার দায়িত্ব পেয়েছিল। কিন্তু তৎকালীন শাসকদল তৃণমূল কংগ্রেসের অনেক নেত্রী কে বাদ দেওয়া হয়েছিল পরিচালনার দায়িত্ব থেকে। আর এরপরই গন্ডগোল শুরু হয়। দীর্ঘ কয়েক মাস যাবত তালাবদ্ধ অবস্থায় পড়ে রয়েছে ক্রেস হাউস। রাজ্যে সরকারের পরিবর্তন হয়েছে। বিজেপি সরকার ক্ষমতা আসার পরেই ক্রেস হাউসে বিজেপির পতাকা ঝুলছে এমনটাও দেখা গেল সোমবার বিকেল তিনটে নাগাদ ওই এলাকায় গিয়ে। চা শ্রমিকদের শিশুদের দেখভালের জন্য এই ক্রেস হাউস বানানো হয়েছিল।

# নোংরা আবর্জনায় পরিপূর্ণ জেলা শহর



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ মে :** আলিপুরদুয়ার জেলা শহর নোংরা আবর্জনায় পরিপূর্ণ হয়ে গেছে। জেলা শহরের হাসপাতাল রোডে প্রচুর পরিমাণে নোংরা আবর্জনা জমে রয়েছে মূল সড়কের উপরেই। পথচারীরা দুর্গন্ধে রাস্তা দিয়ে যাতায়াত করতে পারছেন না। প্রশাসনিক কর্তারা উদাসীন নোংরা আবর্জনা পরিষ্কার নিয়ে। দুর্গন্ধে অতিষ্ঠ হয়ে যাচ্ছে ব্যবসায়ী থেকে শুরু করে পথচারীরা। সাধারণ মানুষের মধ্যেই প্রশ্ন উঠেছে এই নোংরা আবর্জনা কবে সরবে মূল রাস্তা থেকে ?

# মহিলাকে ধারালো অস্ত্র দিয়ে খুন করার চেষ্টা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ মে :** এক মহিলাকে ধারালো অস্ত্র দিয়ে খুন করার চেষ্টা করেছেন এক ব্যক্তি । ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার কার্তিকা চৌপথী সংলগ্ন এলাকায়। এমনকি ওই ব্যক্তি মহিলাকে খুন করার চেষ্টার পাশাপাশি তার নিজের গলায় ক্ষুর চালিয়েছেন আত্মঘাতী হওয়ার জন্য। পুলিশ গুরুতর অবস্থায় দুজনকেই উদ্ধার করে যশোডাঙা গ্রামীণ হাসপাতালে নিয়ে আসে সেখান থেকে তাদেরকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যায়। পুলিশ সূত্রে জানা গেছে আঙ্গুরী বিবির খোঁজ করতে হরিয়ানা থেকে ছুটে আসেন লক্ষীকান্ত বলে এক ব্যক্তি। এলাকার বাসিন্দাদের কাছে জিজ্ঞেস করে ওই মহিলার বাড়িতে গিয়ে পৌঁছান লক্ষীকান্ত। কিছুক্ষণের মধ্যেই চরম কথা কাটাকাটির পর তার পকেটে থাকা ক্ষুর চালিয়ে দেন মহিলার উপর মহিলা বাড়ি থেকে বের হয়ে দৌড়ে পালাতে থাকেন এরই মধ্যে ওই ব্যক্তি তার নিজের গলায় ক্ষুর চালায়। এলাকার বাসিন্দারা মহিলাকে দৌড়াতে দেখে তার বাড়ি গিয়ে দেখেন ওই ব্যক্তি রক্তাক্ত অবস্থায় রয়েছে এবং মহিলা ও রক্তাক্ত অবস্থায় দৌড়াচ্ছে এরপরই খবর দেওয়া হয় পুলিশকে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ দুজনকেই উদ্ধার করে যশোর ডাঙ্গা গ্রামীণ হাসপাতালে নিয়ে আসে এরপর আলিপুরদুয়ার নিয়ে যায় তাদের চিকিৎসা চলছে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে তবে কি কারনে মহিলাকে হরিয়ানা থেকে আসা ব্যক্তি খুন করার চেষ্টা করল তা নিয়ে রহস্য তৈরি হয়েছে।

# চরম অনিয়ম চলছে চেপানী ইঞ্জিনিয়ারিং কলেজে ,প্রশ্ন পাঠন পাঠন নিয়ে

**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ মে :** আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের চেপানী চৌপথী সংলগ্ন এলাকায় আলিপুরদুয়ার গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট কলেজে অধ্যাপকরা দিনের পর দিন অনুপস্থিত থেকে মাস শেষে মোটা অংকের টাকা গুনে নিচ্ছেন। চরম অরাজকতা চলছে কলেজে। ২০২৩ সালে এই কলেজে পঠন পাঠন শুরু হলেও এখন পর্যন্ত কলেজে অধ্যাপকদের উপস্থিতির কোন খাতা নেই। সোমবারে কলেজে গিয়ে জানা গেছে ১৪ জন অধ্যাপক কলেজে এসেছেন। বাকি পাঁচজন অধ্যাপক উত্তর বঙ্গ সহ বিভিন্ন এলাকায় রয়েছেন কোনরকম ছুটি না নিয়েই। বিগত তিন বছর যাবত এভাবেই চলছে কলেজ। একদিকে পর্যাপ্ত পরিমাণে অধ্যাপক নেই অন্যদিকে যারা আছেন তারাও সঠিকভাবে আসেন না। প্রায় ৬৪ কোটি টাকা খরচ করে এই কলেজ তৈরি হলেও নিরাপত্তা বলতে কিছু নেই কলেজ চত্বরে। রীতিমতো কলেজ নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাও। শাসকদলের ছত্রছায়ায় থেকে একদিকে যেমন অধ্যাপকরা কলেজে আসেন না তেমনি অধ্যক্ষকেও পাওয়া যায় না কলেজে এমনটাও অভিযোগ রয়েছে ছাত্র-ছাত্রীদের কাছ থেকেই। অধ্যক্ষ এবং অধ্যাপকদের ভয়ে মুখ খুলতে পারছেন না উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গের বিভিন্ন জায়গা থেকে আসা পড়ুয়ারা। মনোজ বাবু জানিয়েছেন খুব শীঘ্রই কলেজের অব্যবস্থা নিয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে উচ্চ শিক্ষার ক্ষেত্রে কোন রকম গাফিলতি মানা হবে না। অভিযোগের আঙ্গুল রয়েছে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দিকেও। কত জন ছাত্র ছাত্রী আছে তা জানা নেই তার। কলেজের স্টাফ সঠিকভাবে ডিউটি করেন না কিন্তু গত তিন বছরে তিনি কোন পদক্ষেপ গ্রহণ করতে পারেননি কারো বিরুদ্ধে। গোটা কলেজ চত্বর জঙ্গলে পরিপূর্ণ অথচ গত বছর ৫ লক্ষ টাকা পেয়েছেন কলেজের উন্নয়নের জন্য এরপরেও কলেজের সিসি ক্যামেরা নষ্ট হয়ে আছে দীর্ঘদিন যাবত। কলেজের অধ্যক্ষ ডক্টর সৌরীশ সান্যাল জানিয়েছেন পর্যাপ্ত পরিমানের ষ্টাফ নেই। নিরাপত্তার জন্য ১৫ জন লোককে চেয়েছিলেন সেখানে তারা পেয়েছেন ছয় জন। সিসি ক্যামেরা ঠিক করা হবে এছাড়া রেজিস্টার্ড মেইন্টেন করা হবে এখন থেকে। তার দাবি পড়াশোনা হয় কলেজে। তবে অধ্যাপকরা ফাঁকি দিচ্ছেন এই বিষয়টি তিনি বারবার এড়িয়ে যান।

# রেল দপ্তরের কর্মকর্তার সঙ্গে বৈঠক সাংসদ এবং বিধায়কদের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ মে :** আলিপুরদুয়ার রেলের ডিভিশন ডি আর এম সাথে বৈঠক করল আলিপুরদুয়ার বিজেপি সাংসদ ও বিজেপি বিধায়করা। এদিন বৈঠকে ডি আর এম কাছে একাধিক বিষয় তুলে ধরে বিজেপি সাংসদ মনোজ টিগ্গা ও আলিপুরদুয়ার জেলার বিভিন্ন এলাকার বিজেপি বিধায়করা। বৈঠক শেষে আলিপুরদুয়ার সাংসদ মনোজ টিগ্গা জানান বীরপাড়া রেলস্টেশন এলাকার ডলোমাইট শিপটিং বিষয়ে কথা হয়েছে এছাড়া কালচিনি, আলিপুরদুয়ার শহড়ের রেলের একাধিক বিষয় নিয়ে আলোচনা হয়েছে এদিনের বৈঠকে। সম্প্রতি আলিপুরদুয়ার জংশনে রেলের জমিতে বসবাস রত বাসিন্দাদের উচ্ছেদের নোটিশ দেওয়া হয়েছে এই বিষয়ে সাংসদ মনোজ টিগ্গা জানান আমরা কোনোদিন ও উন্নয়নের কাজে বাধা হয়ে দাড়াবোনা কিন্তু ওখানে বসবাস রত প্রকৃত গরীব মানুষের কথা অবশ্য ভেবে দেখা হবে।

# রাজগঞ্জ গ্রামীণ হাসপাতাল পরিদর্শনে বিধায়ক



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,১৮ মে :** জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ গ্রামীন হাসপাতাল পরিদর্শন করলেন রাজগঞ্জের নব নির্বাচিত বিধায়ক দীনেশ সরকার। সোমবার বিধায়ক রাজগঞ্জ গ্রামীণ হাসপাতালে যান ও হাসপাতালের সামগ্রিক পরিস্থিতি খতিয়ে দেখেন। তাকে হাসপাতালে স্বাগত জানান রাজগঞ্জ ব্লক স্বাস্থ্য আধিকারিক রাহুল রায় ও হাসপাতালের স্টাফরা। উপস্থিত ছিলেন রাজগঞ্জের বিডিও সৌরভ কান্তি মন্ডল,স্থানীয় জন প্রতিনিধিগন। বিধায়ক এদিন হাসপাতালের বিভিন্ন বিভাগ পরিদর্শন করেন। উপস্থিত রুগী ও স্থানীয় মানুষদের সাথে হাসপাতালের পরিষেবা বিষয়ে কথা বলেন। বিধায়ক জানান হাসপাতালে সাফাই কর্মী ও গ্রুপ ডি কর্মী প্রয়োজন, রয়েছে নিরাপত্তার অভাব, আধুনিক এক্স রে মেশিন প্রয়োজন,পানীয় জলের সমস্যা রয়েছে, হাসপাতাল বিল্ডিং মেরামত করা প্রয়োজন। বিষয় গুলি দ্রুত সমাধানের জন্য পদক্ষেপ গ্রহন করা হবে বলে আস্বাস দেন বিধায়ক। বিধায়কের এই উদ্যোগে খুশী বাসিন্দারা।

# অবৈধ মদের বিরুদ্ধে অভিযানে ফের সাফল্য পুলিশের ,উদ্ধার বারো লিটার মদ



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১৮ মে :** আলিপুরদুয়ার জেলা পুলিশের মাদারীহাট থানার পুলিশ নির্ভরযোগ্য সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে রবিবার রাতে থানা এলাকার একটি বাড়িতে অভিযান চালিয়ে উদ্ধার করে বারো লিটার অবৈধ মদ। পুলিশের অভিযানের আঁচ পেয়ে বাড়ি থেকে পালিয়ে যায় অভিযুক্ত। পুলিশ সুত্রে জানানো হয়েছে অবৈধ কার্যকলাপ এর বিরুদ্ধে লাগাতার অভিযান চলছে। অভিযানে মিলছে একের পর এক সাফল্য। মাদারীহাট থানার পুলিশ অভিযুক্ত পলাতকের খোঁজে তল্লাশী জারী রেখেছে।

# উদ্ধার দেড় কেজি ব্রাউন সুগার ,গ্রেপ্তার দুই



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১৮ মে :** শিলিগুড়ি পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ ও ভক্তিনগর থানার সাদা পোষাকের পুলিশ রবিবার রাতে নির্ভরযোগ্য সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে পি সি মিত্তল বাস স্ট্যান্ড এলাকায় অভিযান চালিয়ে দুই সন্দেহভাজন ব্যক্তিকে একটি মোটরসাইকেল সহ আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তিদের হেফাজত থেকে উদ্ধার করা হয় দেড় কেজি ব্রাউন সুগার। গ্রেপ্তার করা হয় আটক দুজনকে। পুলিশ সূত্রে জানা গেছে আটক দুজনের নাম মীনাজুর রহমান, মালদহের বাসিন্দা ও মহম্মদ সাবীর নক্সালবাড়ির বাসিন্দা। জানা গেছে মীনাজুর মালদহ থেকে ব্রাউন সুগার নিয়ে নক্সালবাড়ি আসে ও সাবিরকে সাথে নিয়ে রবিবার পি সি মিত্তল বাস স্ট্যান্ড এলাকায় আসে ব্রাউন সুগার পাচারের উদ্দেশ্যে। সে সময় পুলিশ তাদের গ্রেপ্তার করে। উদ্ধার পর্ব সহ ব্রাউন সুগার বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি প্রক্রিয়া এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে সোমবার আদালতে পাঠানো হয়েছে।

# কোচবিহারে গ্রেফতার তৃণমূলের ব্লক সভাপতি



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১৮ মে :** কোচবিহার ১ বি ব্লকের ব্লক সভাপতি আব্দুল কাদের হক কে আজ গ্রেফতার করে আদালতে তোলা হলে তাঁর পাঁচ দিনের পুলিশ হেফাজত হয়েছে ।জেলা তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিকের ঘনিষ্ঠ এই নেতার বিরুদ্ধে অভিযোগ ছিল দীর্ঘদিন থেকেই ১ ব্লকে দাপটের সাথে বিজেপি কর্মী সমর্থকদের হুমকি দেওয়ার এবং তাদের উপর অত্যাচার করার।এই ব্লক থেকেই বেশ কয়েকবার কাটমানি ফেরৎ পেতে তৃণমূল নেতাদের বাড়ি ঘেরাও করে সাধারণ মানুষ।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |